গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

**বিষয়: জুলাই ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী।**

সভাপতি : মিজ্ অন্নপূর্ণা দেবনাথ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম
সভার তারিখ : ২৬ জুলাই, ২০২৬ খ্রি.
সভার সময় : সকাল ১১.১৫ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম
বিবেচ্য মাস : জুন, ২০২৬
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত ও জুম প্লাটফরমে সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। ২৮ জুন ২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক রাজস্ব সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অতঃপর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**আলোচ্যসূচি ০১: গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সংযুক্ত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি ০২: রাজস্ব সংস্থাপন সংক্রান্ত**

সভায় এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ সংক্রান্ত তথ্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের এস, এ শাখা | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ০ | ১ | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | ০ | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৪ | ০২ | ১২ | ড্রাফটস্ম্যান,সার্ভেয়ার ও অফিস সহকারী পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১১ | ০ | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ০ | ১ | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ০ | ২ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৪ | ৪ | |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস ৯ টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৮ | ১ | চিলমারী উপজেলায় পদ **শূন্য** |
| | কানুনগো | ৯ | ৫ | ৪ | |
| | সার্ভেয়ার | ৯ | ৯ | ০ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | ৭৪ | ৩৩ | ৪১ | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ইউনিয়ন ভূমি উপ সহঃ কর্মকর্তা | ৭৪ | ৬০ | ১৪ | |
| | ৩য় শ্রেণি | ৬৩ | ৩৯ | ২৪ | অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১৯৩ | ১৭০ | ২৩ | প্রসেস সার্ভার, অফিস সহায়ক ও চেইনম্যান পদ শূন্য |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রাজস্ব প্রশাসনের শূন্যপদে জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান এ কার্যালয়ের স্মারক নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৩.২৪.৬৬৩, তারিখ ৩০ জুন ২০২৫ খ্রি. মোতাবেক ৪১ (একচল্লিশ) টি শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ৩১ জুলাই ২০২৫ খ্রি. পর্যন্ত আবেদন গ্রহণ করা হয়। এ কার্যালয়ের স্মারক নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০১. ১২৩.২৪.১৪২৪,তারিখ:১৫/১২/২০২৫ খ্রি. মোতাবেক ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০. ০৪৬.১১.০৭৯.১২.৯০, তারিখ: ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি. মোতাবেক ০৫ (পাঁচ) টি ক্যাটাগরির ১৭ (সতের) টি পদের শূন্যপদ পূরণের ছাড়পত্র এবং স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.১১.০৭৯.১২.২১০, তারিখ: ৩১ মার্চ ২০২৬ খ্রি. মোতাবেক আরো ২০ (বিশ) টি পদের শূন্যপদ পূরণের নিমিত্ত ছাড়পত্র পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর ২৭ জুলাই ২০২৬ খ্রি. তারিখের০৫.৪৭.০০০০.০১০.০১.০৩০.২৪.৮৭ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদনের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ের স্মারক নং- ৩১.৪৭.৪৯০০. ০০৬.০১.১২৩.২৪.৯০৪, তারিখ ২৮ জুলাই ২০২৬ খ্রি. মোতাবেক ৩৭ (সাইত্রিশ) টি শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। | শূন্যপদে বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। ভবিষ্যতে কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলী অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিস্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কুড়িগ্রাম<br>২। রেভিনিউ ডেপুটি কালেক্টর কুড়িগ্রাম |

**আলোচ্যসূচি ০৩: শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ২/২০১৯ নং ১ (এক) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। | সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলা দ্রুত নিস্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম<br>২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: জুন, ২০২৬

| ক্রঃ নং | নাম ও পদবি | বর্তমানে কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | পুন:তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | পুন:তদন্তকারী কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ হারুন অর রশীদ ইউঃ ভূমি উপ-সহঃ কর্মকর্তা | ইউ: ভূমি অফিস কেদার, নাগেশ্বরী কুড়িগ্রাম | ০২/১৯<br>১৭/০৯/১৯ | স্মারক নং-৩৩১<br>৩১/০৭/২০২৩ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। আদেশ এর জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |

**আলোচ্যসূচি ০৪: উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। যে সকল উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম জুন ২০২৬ মাসে পরিদর্শন করেন নাই তাদের বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রমাপ অর্জনকারী উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১) কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিয়মিত নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন করে সুস্পষ্ট মন্তব্যসহ পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২) পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে।<br>৩) পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখতে হবে। | (১-৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন: জুন/২০২৬

| ক্র:নং | পদবি | প্রমাপ | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | পরিদর্শন | পরিদর্শন | |
| ১ | জেলা প্রশাসক,কুড়িগ্রাম | ০৩ | ০৩ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ২ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম | ০৪ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ৩ | উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ’’ | ০৩ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার,নাগেশ্বরী,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৫ | উপজেলা নির্বাহী অফিসার,ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৬ | উপজেলা নির্বাহী অফিসার,ফুলবাড়ী,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৭ | উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৮ | উপজেলা নির্বাহী অফিসার,উলিপুর,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৯ | উপজেলা নির্বাহী অফিসার,চিলমারী, কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসার,রৌমারী,কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর,কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১২ | সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ১৩ | সহকারী কমিশনার (ভূমি),নাগেশ্বরী,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১৪ | সহকারী কমিশনার (ভূমি),ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১৫ | সহকারী কমিশনার (ভূমি),ফুলবাড়ী,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১৬ | সহকারী কমিশনার (ভূমি),রাজারহাট, কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ১৭ | সহকারী কমিশনার (ভূমি),উলিপুর,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ১৮ | সহকারী কমিশনার (ভূমি),চিলমারী,কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ১৯ | সহকারী কমিশনার (ভূমি),রৌমারী,কুড়িগ্রাম | ’’ | ০৪ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |
| ২০ | সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর, কুড়িগ্রাম | ’’ | ০২ | পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। |

**আলোচ্যসূচি ০৫: উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপজেলা পর্যায়ে রাজস্ব সভা সংক্রান্ত আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান জুন, ২০২৬ মাসে সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া গেছে। মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে সকল উপজেলায় ‘উপজেলা রাজস্ব সভা’ অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। | ১) পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২) উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: মে ২০২৬**

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৫/০৬/২০২৬ | ৩১.০২.৪৯৫২.০০০.০১.০৩০.২৪.৩০০(১০)<br>তারিখ: ২৫/০৬/২০২৬ | ২২/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ২ | নাগেশ্বরী | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২৩.৭২১<br>তারিখ: ৩০/০৬/২০২৬ | ২৩/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯০৬.০০০.০৫.০২৩.২০.৬০৯(৩)<br>তারিখ: ৩০/০৬/২০২৬ | ০৫/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৪ | ফুলবাড়ী | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯১৮.০০০.০১.০৫০.২৩.৫৭৯<br>তারিখ: ৩০/০৬/২০২৬ | ২৩/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৫ | রাজারহাট | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০০৪.২০.৩১৩/১<br>তারিখ: ০৮/০৭/২০২৬ | ২৩/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৬ | উলিপুর | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯৯৪.০০০.০২.০০৪.২৩.৫৫২<br>তারিখ: ৩০/০৬/২০২৬ | ২১/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৭ | চিলমারী | ২৯/০৬/২০২৬ | ৩১.৪৭.৪৯০৯.০০০.০১.০০৭.২৪.২৩৪(৯)<br>তারিখ: ০৬/০৭/২০২৬ | ২১/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৮ | রৌমারী | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯৭৯.০০১.০২.০১০.২৪.১৬.৩৭০<br>তারিখ: ১৬/০৭/২০২৬ | ২৩/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৯ | চর রাজিবপুর | ৩০/০৬/২০২৬ | ৩১.০২.৪৯০৮.০২৪.৪৬.০০৬.২৩.১৭৫<br>তারিখ: ৩০/০৬/২০২৬ | ২১/০৭/২০২৬ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |

**আলোচ্যসূচি ০৬: উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: জুন ২০২৬**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম এর নিকট হতে মেরামত /সংস্কার কাজ সম্পন্ন করে কাজ সমাপ্তির প্রতিবেদনসহ জেলা প্রশাসক, কুড়িগ্রাম বরাবর বিল পাওয়া গেছে। প্রাপ্ত বিলসমূহ যাচাইঅন্তে দেখা যায় বিলসমূহ হতে বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও নিরাপত্তা জামানত নির্ধারিত হার অনুযায়ী কর্তন করা হয়েছে। দাখিলকৃত বিল যথাযথভাবে যাচাই করা হয়েছে।<br>সভায় উপস্থিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি অবহিত করেন যে, এ জেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় মোট ১৬ (ষোল) টি ভূমি অফিস নির্মাণ কাজ চলমান। তন্মধ্যে ১ (এক) টি'র নির্মাণ কাজ সমাপ্ত, ২ টি'র দরপত্র প্রক্রিয়া সম্পন্ন, ১২ (বারো) টি ভূমি অফিস এর নির্মাণ কাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে এবং ১ টির জমির সমস্যা থাকায়কাজ শুরু হয়নি । | ১। ২০২৫-২০২৬ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের প্রাপ্ত বরাদ্দ দ্বারা আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণকরা হয়েছে কিনা তা পর্যালোচনা এবং মেরামত/সংস্কার এর ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল নিরীক্ষান্তে প্রদান করতে হবে।<br>২। আগামী ২০২৬-২০২৭ অর্থবছরে জরুরি মেরামত/ সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসসমূহের তালিকা ব্যয় প্রাক্কলনসহ (প্রতিটি ভূমি অফিসের জন্য পৃথকভাবে) তালিকা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। আগামী রাজস্ব সভার পূর্বেই স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় নির্মাণাধীন ভূমি অফিসসমূহের হালনাগাদ বিস্তারিত তথ্য প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম, রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি),নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, চিলমারী ও রৌমারী, কুড়িগ্রাম।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |

**আলোচ্যসূচি ০৭(ক): ২০২৫-২০২৬ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ): জুন ২০২৬**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে ২০২৫-২০২৬ অর্থবছরে জুন, ২০২৬ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জুন/২৬ | ৯৫৬৯৯৩০ | ১৮৪৫০২২ | ৯৯৬০৭৪৭ | ১০৪.০৮% |
| | জুন/২৫ | ৮৮০৩৭৪৯ | ১২৮২৫৬৮ | ৯৫৪০৬৩৫ | ১০৮.৩৭% |
| নাগেশ্বরী | জুন/২৬ | ৬১৫৪৫৪৮ | ২১২৪৪৮০ | ৮১৬৪৭৪৬ | ১৩২.৬৬% |
| | জুন/২৫ | ৫৭৯৬৯৯৮ | ৮৯৪২৬৫ | ৭০৫৫৩৩৯ | ১২১.৭১% |
| ভূরুঙ্গামারী | জুন/২৬ | ৪৩৩২৩৪২ | ৮৪৮২৫৪ | ৪৬২৯৭৪৬ | ১০৬.৮৬% |
| | জুন/২৫ | ৪১০১৭৫৯ | ৮৯৬০১২ | ৪৪২৯৪৮৯ | ১০৭.৯৯% |
| ফুলবাড়ী | জুন/২৬ | ৩৫৯৬০৯৫ | ৪৭৪৮৬৩ | ৪১৮১১২ | ১১৬.২৭% |
| | জুন/২৫ | ৩৩৬৫৫৬৪ | ৯১০৫৫১ | ৩৫৮৩৮৬৭ | ১০৬.৪৯% |
| রাজারহাট | জুন/২৬ | ৫১৭১৪৪৯ | ৯০২৭৮৭ | ৭১৯০৯১১ | ১৩৯.০৫% |
| | জুন/২৫ | ৫১৬১৩২৭ | ৬৯৪৩৯৭ | ৬৩০২৪২০ | ১২২.১১% |
| উলিপুর | জুন/২৬ | ৯৯২১০২৪ | ১৬৭৮৪৬৩ | ১১৯৬২২৭৩ | ১২০.৫৭% |
| | জুন/২৫ | ৯৫৪৯৩০৮ | ১২৯৭৬৭৪ | ১০৪৬৬৮৩০ | ১০৯.৬১% |
| চিলমারী | জুন/২৬ | ৩৬৩৯০২৬ | ৫৮০৯১৬ | ৩৮৯০৭৬৯ | ১০৬.৯২% |
| | জুন/২৫ | ৩৪২৫৩৫৭ | ৪১৬৩৩৯ | ৩৭১৩৯০৬ | ১০৮.৪২% |
| রৌমারী | জুন/২৬ | ৮৫৫৮৪৫০ | ১৫৬০৫৯৬ | ৮৮৪৪৯০২ | ১০৩.৩৫% |
| | জুন/২৫ | ৮৩১৫৭৪২ | ৬৩৪৫২৭ | ৯১০০৬৪২ | ১০৯.৪৪% |
| চর রাজিবপুর | জুন/২৬ | ২৬৮৩৭৭৭ | ৩৯৫৯৫০ | ৩০৩৭৮৯৬ | ১১৩.১৯% |
| | জুন/২৫ | ২৩৬৯৭৯৯ | ৪৯৪১১৫ | ৪২১৭৯৯১ | ১৭৭.৯৯% |
| সর্বমোট | জুন/২৬ | ৫৩৬২৬৬৪১ | ১০৪১১৩৩১ | ৬১৮৬৩১১২ | ১১৫.৩৬% |
| | জুন/২৫ | ৫০৮৮৯৬০৩ | ৭৫২০৪৪৮ | ৫৮৪১১১১৯ | ১১৪.৭৮% |

ভূমি উন্নয়ন কর সাধারণ এর দাবি ও আদায় বিবরণীর পরিসংখ্যানে দেখা যায় জুন/ ২০২৬ মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায় =৬,১৮,৬৩,১১২/- টাকা, আদায়ের হার ১১৫.৩৬%। সকল উপজেলায় সাধারণ এর দাবি শতভাগ আদায় হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। ২০২৬-২৭ অর্থবছরের সাধারণ দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি), চিলমারী ও রৌমারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। হোল্ডিং অনুমোদন বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে দিতে হবে, হোল্ডিং এর দাবি সঠিক কিনা যাচাই করতে হবে এবং ভূয়া হোল্ডিংসমূহ বাতিল করতে হবে।<br>৩। আগামী ২০২৬-২০২৭ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), চিলমারী, রৌমারী,কুড়িগ্রাম। |

**আলোচ্যসূচি ০৭(খ): ২০২৫-২০২৬ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): জুন ২০২৬**

**আলোচনা**

২০২৫-২০২৬ অর্থবছরে জুন/২৬ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জুন/২৬ | ২১০৪৭৮৪ | ৭০৫০৬৩ | ১৩৪৮৮২০ | ৬৪.০৮% |
| | জুন/২৫ | ২৪২৩১৩১ | ৯৫৬৬১২ | ১৯৩৩৯৮৭ | ৭৯.৮১% |
| নাগেশ্বরী | জুন/২৬ | ৯৩৪৮৯২ | ২৭৮৬৮২ | ৪৭৮৭৩৪ | ৫১.২১% |
| | জুন/২৫ | ৬৯৬৩৭৪ | ৪৫৩৭৭৭ | ৬৭৭১৭৬ | ৯৭.২৪% |
| ভূরুঙ্গামারী | জুন/২৬ | ৫৮৩৪২২ | ১৭৬০৭৬ | ৩৭৬১৬৯ | ৬৪.৪৭% |
| | জুন/২৫ | ৫১১৪৭৪ | ১৭৭৪৯৬ | ২৪৩০৫০ | ৪৭.৫২% |
| ফুলবাড়ী | জুন/২৬ | ১৬৬৪১১ | ৪২৮০৪ | ১৪২৯৯৮ | ৮৫.৯৩% |
| | জুন/২৫ | ২৫১৬৯৮ | ৬৬৯১৫ | ২২১৯৭১ | ৮৮.১৯% |
| রাজারহাট | জুন/২৬ | ৯১৪৬৫৩ | ২৩৩৮২ | ৩৮৫৯৩৯ | ৪২.২০% |
| | জুন/২৫ | ৬৬৭০৯১ | ১৭৭৯৩৪ | ২১৯৬২৫ | ৩২.৯২% |
| উলিপুর | জুন/২৬ | ৩০৮৬৯১২ | ১৩১২৫৯৬ | ১৮০৪৮৬০ | ৫৮.৪৭% |
| | জুন/২৫ | ২৯৯২৭২১ | ৭৭৬৫৯২ | ১২৮৬৮৮২ | ৪৩.০০% |
| চিলমারী | জুন/২৬ | ৫৫৪২৬৮ | ৯২২৭৬ | ৩৭৯৫৯০ | ৬৮.৪৮% |
| | জুন/২৫ | ৪৭৬৩২১ | ১৩৫১১৮ | ২৫১৪০৪ | ৫২.৭৮% |
| রৌমারী | জুন/২৬ | ১২৭৮৮৮ | ১০৮৪৮৭ | ১৭১৫২৩ | ১৩৪.১২% |
| | জুন/২৫ | ১২৩৮৮০ | ২৭৬৫১৯ | ৪৫৮৯৪২ | ৩০.৪৭% |
| চর রাজিবপুর | জুন/২৬ | ১৯৭৪৪৮ | ১১০২৭৭ | ২০২১৬২ | ১০২.৩৯% |
| | জুন/২৫ | ৪১৯২৬৮ | ৩৩৬৮২ | ৪০৯৫১৮ | ৯৭.৬৭% |
| সর্বমোট= | জুন/২৬ | ৮৬৭০৬৭৮ | ২৮৪৯৬৪৩ | ৫২৯০৭৯৫ | ৬১.০২% |
| | জুন/২৫ | ৮৫৬১৯৫৮ | ৩০৫৪৬৪৫ | ৫৭০২৫৫৫ | ৬৬.৬০% |

জুন/২০২৬ মাস পর্যন্ত সংস্থার আদায় =৫২,৯০,৭৯৫/-টাকা। আদায়ের হার ৬১.০২%। যা গত অর্থবছরের তুলনায় ৫.৫৮% কম। চিলমারী ও রৌমারী উপজেলা হতে দাবি বিবরণী দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ২০২৬-২০২৭ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক বছরের শুরুতেই দাবির পরিমাণ উল্লেখপূর্বক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। সংস্থার দাবি শতভাগ আদায়ের জন্য বছরের শুরু থেকেই জোর প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। ২০২৬-২০২৭ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।
২। চিলমারী ও রৌমারী উপজেলা হতে দাবি বিবরণী দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
৩। ২০২৬-২০২৭ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন করের দাবি আদায়ের নিমিত্ত দাবির পরিমাণ উল্লেখপূর্বক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

(১-২)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভূমি), চিলমারী, রৌমারী, কুড়িগ্রাম
৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।

**আলোচ্যসূচি ০৮: অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জুন/২০২৬**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত পরিসংখ্যান অনুযায়ী, কুড়িগ্রাম পৌর এলাকায় ১০১ টি অর্পিত লীজনথিসহ এ জেলায় সর্বমোট ৫৩৯ টি অর্পিত লীজনথি রয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে লীজকৃত অর্পিত সম্পত্তির দাবি =১০,৩৯,৮৮৮/- টাকা। জুন ২০২৬ মাসে লীজমাণি বাবদ ৬,০৪,৭৫৫/- টাকা আদায় করা হয়েছে। পুঞ্জিভূত আদায় ১৩,৯৭,৭১৫/- টাকা এবং আদায় হার ১৩৪.৪১%।<br>ফুলবাড়ী, উলিপুর ও রৌমারী উপজেলার অর্পিত সম্পত্তির ২০২৫-২০২৬ অর্থবছরের দাবি শতভাগ আদায়ের জন্য সহকারী কমিশনার (ভূমি),ফুলবাড়ী, উলিপুর, কুড়িগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অর্পিত সম্পত্তির দাবি ১০০% আদায়ের ক্ষেত্রে যথোপযুক্তভাবে কর্মপরিকল্পনা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ১) অর্পিত সম্পত্তির সকল নথি পুনরায় যাচাইপূর্বক,নথি নবায়ন রেজিস্টার,দখল ও ব্যবহারভিত্তিক ২০২৬-২০২৭ অর্থবছরের সঠিক দাবী নির্ধারণপূর্বক তার তথ্য দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২) যে সকল অর্পিত সম্পত্তির লিজ নথি খুজে পাওয়া যায়নি সেক্ষেত্রে গেজেটের সাথে মিল রেখে অথবা সরেজমিন তদন্তক্রমে ছায়ানথি সৃজনপূর্বক লিজমানি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে একার্যালয়কে অবহিত করতে হবে।<br>৩) দীর্ঘদিন যাবৎ যে সকল লীজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করে আদায় বৃদ্ধি করতে হবে।<br>৪) জরিপ এর ক্ষেত্রে অর্পিত সম্পত্তি,খাস পুকুর ও সায়রাতভূক্ত পুকুরের তালিকা জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(২-৩)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: জুন ২০২৬

| উপজেলা | ‘ক’ তালিকা ভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২৫-২৬) | | | মে/ ২০২৬ মাসে আদায় | | | পুঞ্জিভূত আদায় | | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| কুড়িগ্রাম সদর (পৌর বহির্ভূত) | ৮৩৫.৭১০০ | ৮.০৬৫৬ | ১০০০০ | ৩০০০০ | ৪০০০০ | ৫০৫৪৮ | ২১০২৬ | ৭১৫৭৪ | ৯৫২৭৮ | ৩৮১৮১ | ১৩৩৪৫৯ | ৩৩৩.৬৪ % |
| পৌর এলাকা | ৫৭.৮৭২৪ | ১৪.৩৯৪৪ | ১১৬৫২০ | ৩০৮৬০০ | ৪২৫১২০ | ৩০৮৯০০ | ৯১৯৪৪ | ৪০০৮৪৪ | ৪০৮৯০০ | ১৭৩৭৯৬ | ৫৮২৬৯৬ | ১৩৭.০৬% |
| কুড়িগ্রাম সদর সর্বমোট | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১২৬৫২০ | ৩৩৮৬০০ | ৪৬৫১২০ | ৩৫৯৪৪৮ | ১১২৯৭০ | ৮৭২৪১৮ | ৫০৪১৭৮ | ২১১৯৭৭ | ৭১৬১৫৫ | ১৫৩.৯৭% |
| নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ২২২০১ | ১২৩৩৪৩ | ১৪৫৫৪৪ | ৮৬২০ | ৩০০০ | ১১৬২০ | ৯৩৪০ | ১০২৯৮৫ | ১১২৩২৫ | ৭৭.১৭% |
| ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৭০০০ | ২৪৫২০ | ৩১৫২০ | ০০ | ৩৪৪০ | ৩৪৪০ | ৭০০০ | ২২৪৮০ | ২৯৪৮০ | ৯৩.৫৩% |
| ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ১১৩৮০ | ৩৬৯০০ | ৪৮২৮০ | ৩০২৪০ | ২৫৬০ | ৩২৮০০ | ৮২৪৬০ | ১৪৪৭০ | ৯৬৯৩০ | ২০০.৭৭% |
| রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ২৭০০ | ১৫৩৪০ | ১৮০৪০ | ২৪০৬৪ | ২৬৪৬৪ | ৫০৫২৮ | ২৪০৬৪ | ৪৩৭২৫ | ৬৭৭৮৯ | ৩৭৫.৭৭% |
| উলিপুর | ১২৯.৮৫০১ | ৩২.০৬৪১ | ১৭৭৫৬ | ৫৬২১৬ | ৭৩৯৭২ | ২৯০৬০ | ৪৮৮৯ | ৩৩৯৪৯ | ২৭৭৪৪৮ | ৬৯০২৮ | ৩৪৬৪৭৬ | ৪৬৮.৩৯% |
| চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ৮২৭০ | ৫০২৬৮ | ৫৮৫৩৮ | ০০ | ০০ | ০০ | ৩৭২০ | ২৪৮৪০ | ২৮৫৬০ | ৪৮.৭৯% |
| রৌমারী | ২৯৭.৫৬৫ | ২৯৭.৫৬৫ | ৪৭৯৯৯ | ১৫০৮৭৫ | ১৯৮৮৭৪ | ০০ | ০০ | ০০ | ৬৮৭৮৭ | ১৩০০৮৭ | ১৯৮৮৭৪ | ১০০.০০% |
| চর রাজিবপুর | - | - | | | | - | - | - | - | - | - | - |
| সর্বমোট= | ৩৩২৪.০৮ | ৪৩৮.৮৫৪১ | ২৪৩৮২৬ | ৭৯৬০৬২ | ১০৩৯৮৮৮ | ৪৫১৪৩২ | ১৫৩৩২৩ | ৬০৪৭৫৫ | ৯০৮২১০ | ৪৮৯৫০৫ | ১৩৯৭৭১৫ | ১৩৪.৪১% |

### আলোচ্যসূচি ০৯: পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জুন/ ২০২৬

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন এ জেলায় পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ ২.৯৯২৫ একর এবং বাড়ীর সংখ্যা ১১ টি। বাড়ীগুলো গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম কর্তৃক রক্ষণাবেক্ষণ করা হয়। সভায় উপস্থিত গণপূর্ত বিভাগের প্রতিনিধি এবং সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর অবহিত করেন যে, কুড়িগ্রাম পৌর এলাকায় পরিত্যক্ত বাড়ীগুলোর যৌথভাবে সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং পরিমাপপূর্বক হালনাগাদ তথ্য ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। ২০২৬-২০২৭ অর্থবছরের পরিত্যক্ত সম্পত্তির দাবি নির্ধারণপূর্বক দাবি বিবরণী আগামী ৩০ জুলাই ২০২৬ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে এলজিইডি’র নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১) ২০২৬-২০২৭ অর্থবছরে পরিত্যক্ত সম্পত্তির দাবি সঠিকভাবে দাবি নির্ধারণপূর্বক দাবি বিবরণী আগামী ৩০ জুলাই ২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>২) পরিত্যক্ত সম্পত্তিগুলো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।<br>৩) পরিত্যক্ত বাড়ীগুলোর লীজিগণের মধ্যে কমপক্ষে ৩ (তিন) জন লীজিকে নোটিশ প্রদানপূর্বক লীজমানি আদায় এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে। | (১-২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি), (সকল), কুড়িগ্রাম।<br>৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম, উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম |

**পরিত্যাক্ত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: জুন, ২০২৬**

| পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ | বাড়ীর সংখ্যা | ইজারাকৃত সম্পত্তির পরিমাণ | ইজারাকৃত বাড়ীর সংখ্যা | দাবীর পরিমাণ | | | আলোচ্য মাসে আদায় | এ পর্যন্ত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.৯৯২৫ একর | ১১ টি | ১.৭৩ একর | ০৯ টি | ৯,৩০,৫০০/- | ৯৮,৪০০/- | ১০,২৮,৯০০/- | ০০ | ১৪,৮০০/- | ০১.৪৪% |

আলোচ্যসূচি ১০: নামজারি মোকদ্দমা সংক্রান্ত: জুন ,২০২৬

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|

**নামজারি ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | মোট নামজারী / জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তি কৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ৭৮৬ | ৮৮৫ | ১৬৭১ | ৮৮৭ | ৭৮৪ |
| নাগেশ্বরী | ৭৬৭ | ৯৯৪ | ১৭৬১ | ১১৫০ | ৬১১ |
| ভূরুঙ্গামারী | ২২০ | ৪৮০ | ৭০০ | ৫১২ | ১৮৮ |
| ফুলবাড়ী | ৯০ | ৩২২ | ৪১২ | ৩৫১ | ৬১ |
| রাজারহাট | ৩৮৬ | ৭৮২ | ১১৬৮ | ৬৪৪ | ৫২৪ |
| উলিপুর | ৬৫১ | ৯৫২ | ১৬০৩ | ৭৫৩ | ৮৫০ |
| চিলমারী | ২২৫ | ১৫০ | ৩৭৫ | ০০ | ৩৭৫ |
| রৌমারী | ৫৭২ | ৫৯৪ | ১১৬৬ | ৬৮২ | ৪৮৪ |
| চর রাজিবপুর | ২৮৭ | ৭০ | ৩৫৭ | ৮০ | ২৭৭ |
| সর্বমোট= | ৩৯৮৪ | ৫২২৯ | ৯২১৩ | ৫০৫৯ | ৪১৫৪ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথি জাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| উলিপুর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| চররাজিবপুর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |

সভায় নামজারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত ছক অনুযায়ী জুন ২০২৬ মাসে এ জেলায় ১ম ভাগে ৫০৫৯ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে এবং ২য় ভাগে কোন অনিষ্পন্ন মামলা নেই। ২৮ দিনের উর্ধ্বে মামলাসমূহ চিহ্নিত করে বিধি মোতাবেক নিষ্পত্তিপূর্বক আগামী রাজস্ব সভার পূর্বে শূন্য পর্যায়ে আনতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১) ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ২৮ দিনের উর্ধ্বে মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তিপূর্বক আগামী রাজস্ব সভার পূর্বে শূন্য পর্যায়ে আনতে হবে।

২) ই-নামজারিতে গড় নিষ্পত্তির সময় কমিয়ে আনার বিষয়েও আরো তৎপর হতে হবে।

৩) নামজারি মামলা না মঞ্জুরের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে।

৪) নোটিশ ছাড়াই অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম এবং রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম আকস্মিক পরিদর্শন/ মনিটরিং করবেন।

**বাস্তবায়ন**

(১-৩)। সহকারী কমিশনার (ভূমি), (সকল), কুড়িগ্রাম
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।

**আলোচ্যসূচি ১১: রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত: জুন, ২০২৬**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় বকেয়া পাওনা আদায়ের স্বার্থে অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ভূমি উন্নয়ন কর আদায় ত্বরান্বিত করতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় জুন, ২০২৬ মাসে এ জেলায় মোট ২১ (একুশ) টি মামলা দায়ের ও ২৫ (পঁচিশ) টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং আদায়কৃত টাকার পরিমাণ =১,৭২,৩৯৪- টাকা। জুন ২০২৬ মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা ১৭ টি এবং অনাদায়ী টাকার পরিমাণ ৮,০৬,৭০৯/- টাকা। কুড়িগ্রাম সদর, রাজারহাট, চিলমারী এবং রৌমারী উপজেলায় অনিষ্পন্ন কোন মামলা না থাকায় সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর, রাজারহাট, চিলমারী ও রৌমারী, কুড়িগ্রামকে ধন্যবাদ জানানো হয়। প্রতিমাসে ইতোপূর্বে নির্ধারিত প্রমাপ অনুযায়ী রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের ও নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার (ভূমি),(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। | ১) সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে আইনানুগ পদ্ধতি অনুসরণপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি ও বকেয়া ভূমি উন্নয়ন কর এর দাবি আদায়ে নতুন মামলা দায়েরের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) বকেয়া ভূমি উন্নয়ন করের দাবি তামাদি হওয়ার পূর্বে প্রতি মাসে কমপক্ষে ৪ (চার) টি রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>৩) রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের পর উক্ত মামলা দ্রুত নিষ্পত্তি করার জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪) রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | (১-৩) সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: জুন, ২০২৫ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে আদায় কৃত টাকার পরিমাণ | জুলাই/২৫ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ০১ | ০৪ | ২১১৩৪ | ০৫ | ৩৫২৭০ | ০৫ | ৩৫২৭০ | ২৭৯৭৫৮ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০৬ | ০২ | ১২৬০৪ | ০৮ | ৪২৪৬৪ | ০৪ | ২৪৬২৭ | ১১৮৯৫৪ | ০৪ | ১৭৮৩৭ |
| ভূরুঙ্গামারী | ০২ | ০২ | ১৮৭৩৯ | ০৪ | ২৬৪৮৮ | ০২ | ৭১২৬ | ৪৬৬৫০ | ০২ | ১৯৩৬২ |
| ফুলবাড়ী | ০৫ | ০২ | ৫৫০১ | ০৭ | ২০১৭৬ | ০২ | ৫৫০১ | ২৯৩১৩৫ | ০৫ | ১৪৬৭৫ |
| রাজারহাট | ০০ | ০৪ | ৩৬৭৪০ | ০৪ | ৩৬৭৪০ | ০৪ | ৩৬৭৪০ | ৫৯৯৩৯৩ | ০০ | ০০ |
| উলিপুর | ০২ | ০১ | ৩৫৮০ | ০৩ | ১১৯০০ | ০২ | ৮৩২০ | ৬৬৭৩৪ | ০১ | ৩৫৮০ |
| চিলমারী | ০০ | ০২ | ১৬২৬৮ | ০২ | ১৬২৬৮ | ০২ | ১৬২৬৮ | ১১৫১৯৯ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ০৩ | ৩২৮৫০ | ০৩ | ৩২৮৫০ | ০৩ | ৩২৮৫০ | ৪২৮১৪১ | ০০ | ০০ |
| চর রাজিবপুর | ০৫ | ০১ | ৫৬৯২ | ০৬ | ৭৫৬৯৬৭ | ০১ | ৫৬৯২ | ৯০৩৬২ | ০৫ | ৭৫১২৭৫ |
| সর্বমোট= | ২১ | ২১ | ১৫৩১০৮ | ৪২ | ৯৭৯১২৩ | ২৫ | ১৭২৩৯৪ | ২০৩৮৩২৬ | ১৭ | ৮০৬৭২৯ |

**আলোচ্যসূচি ১২: জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: জুন, ২০২৬**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়। জেনারেল সার্টিফিকেট মামলার পরিসংখ্যানে দেখা যায় যে, জুন/২০২৬ মাসে ৫০ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে এবং ৩৯,৩৭,১৯০/০০ টাকা আদায় করা হয়েছে। কুড়িগ্রাম সদর উপজেলায় ১১ টি ও ভূরুঙ্গামারী উপজেলায় জুন, ২০২৬ মাসে ১৯ টি জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, ভূরুঙ্গামারী কুড়িগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। জুন ২০২৬ মাসে অনিষ্পন্ন মোট মামলার সংখ্যা ১৩২৪ টি এবং অনাদায়ী =১৩,৫৮,৬৬,৬১১/০০ টাকা। প্রত্যেক উপজেলায় প্রতিমাসে কমপক্ষে ১০ টি মামলা নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। | ১) সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ১০ (দশ) টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>২) গুরুত্ব দিয়ে নিয়মিত কজলিষ্ট দেখে সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির হার বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩) ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ব্যাংক/অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ পাওনাদার,খাতক ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করত: মামলাসমূহ নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৪) সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা বিবেচনায় নিয়ে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে প্রমাপ অনুযায়ী নিষ্পত্তি ও তা নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক তথ্য প্রেরণ করতে হবে।<br>৫) জেনারেল সার্টিফিকেট মামলার প্রতিমাসে তামিলযোগ্য ওয়ারেন্ট ইস্যুর তথ্য সংশ্লিষ্ট থানায় প্রেরণপূর্বক এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে। | (১-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল। |

**জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: জুন, ২০২৬**

